



তথ্যবিবরণী

নম্বর: ২৬

## বিজয় দিবস-২০২২ উদ্‌যাপনে ময়মনসিংহে গৃহীত কর্মসূচি

ময়মনসিংহ, ৩০ অগ্রহায়ণ (১৫ ডিসেম্বর):

যথাযোগ্য মর্যাদায়, সাড়ম্বরে সারাদেশের ন্যায় ময়মনসিংহে ১৬ ডিসেম্বর, বিজয় দিবস-২০২২ উদ্‌যাপনের লক্ষ্যে নানাবিধ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গৃহীত কর্মসূচি বাস্তবায়নের মধ্যদিয়ে সারাদেশের ন্যায় ময়মনসিংহ জেলায় দিবসটি উদ্‌যাপনে ইতিমধ্যে সার্বিক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। গৃহীত কর্মসূচিসমূহ নিম্নরূপ:

সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণের পর সকাল ৬.৩৩ মিনিটের অব্যবহিত পরে ময়মনসিংহ মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধে স্থানীয়ভাবে পুষ্পস্তবক অর্পণ করা হবে। সকাল ৮.০০টায় রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হবে এবং ৮.৩০ মিনিটে সম্মিলিত কুচকাওয়াজ ও শারীরিক কসরত প্রদর্শন করা হবে। সকাল ১০.০০ টায় জেলা শূটিং কমপ্লেক্সে শূটিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সকাল ১১.০০টায় এডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে দিবসটি উপলক্ষ্যে আলোচনা সভা এবং শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য ও বীর মুক্তিযোদ্ধাগণকে সংবর্ধনা দেয়া হবে।

বেলা ২.৩০টায় লেডিস ক্লাব/মহিলা ক্রীড়া সংস্থার মাঠে মহিলাদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধভিত্তিক আলোচনা সভা ও ক্রীড়া প্রতিযোগিতা এবং বিকাল ৩.৩০ টায় ময়মনসিংহ সার্কিট হাউস মাঠে প্রীতি ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিকেল ৫.০০টায় জেলা শিল্পকলা একাডেমিতে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে।

দিবসটি উপলক্ষ্যে দিনব্যাপী গৃহীত কর্মসূচিগুলোর মধ্যে শিল্পাচার্য জয়নুল আবেদীন উদ্যানের বৈশাখী মঞ্চে মুক্তিযুদ্ধ বিষয়ক আলোকচিত্র প্রদর্শন করা হবে। স্থানীয় টিভি চ্যানেলসমূহে মুক্তিযুদ্ধ বিষয়ক ডকুমেন্টারি ও বঙ্গবন্ধু বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হবে। এ দিবসে জেলার সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘর সর্বসাধারণের জন্য বিনা টিকিটে উন্মুক্ত রাখা হবে; সকল বিনোদন/শিশু পার্ক শিশু-কিশোরদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা হবে।

এছাড়া, বিজয় দিবসে জেলার সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফিরাত/যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য কামনা এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মোনাজাত/প্রার্থনা করা হবে।

#

রিদওয়ান/ফয়সাল/সজিব/২০২২/১১.৩০ ঘণ্টা